

নং. 39

## এ ক্সিকিউটিভ অর্ডার

### সাফোক কাউন্টিতে একটি দুর্যোগকালীন অবস্থা ঘোষণা

**যেহেতু**, 18 আগস্ট, 2024 তারিখে শুরু হয়ে চলতে থাকা একটি তীব্র ঝড় সাফোক কাউন্টিজুড়ে বিপজ্জনক পরিস্থিতির সৃষ্টি করেছে যার ফলে স্টেটজুড়ে গণপরিবহণ, ইউটিলিটি পরিষেবা, জনস্বাস্থ্য, এবং জননিরাপত্তা ব্যবস্থায় আসন্ন বিপদের আশঙ্কা করা হচ্ছে;

**যেহেতু**, এই ঝড় ভারী বর্ষণ প্রায় 10 ইঞ্চি বৃষ্টিপাত ঘটিয়েছে এবং সাফোক কাউন্টির বিভিন্ন অংশে 1,000 বছরে একবার ঘটা ঘটনা ছিল যা অকস্মাৎ বন্যার সৃষ্টি করেছে, যার ফলে রাস্তা বন্ধ হয়ে যাওয়া এবং ভেসে যাওয়া, যাত্রা বিঘ্নিত হওয়া, এবং সরকারি ও বেসরকারি সম্পত্তির ক্ষতি করে, যা জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ;

**এখন, অতএব, আমি, ক্যাথি হোকল**, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান (Constitution of the State of New York) এবং নির্বাহী আইনের (Executive Law) আর্টিক্যাল 2-B এর সেকশন 28 অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্ব দ্বারা, এই মর্মে অনুধাবন করছি যে একটি দুর্যোগের ঘটনা ঘটেছে যার দ্বারা প্রভাবিত স্থানীয় সরকারগুলি যথাযথভাবে সাড়াদানে সক্ষম নয়। সুতরাং, এই মর্মে আমি সাফোক কাউন্টির জন্য 23 আগস্ট, 2024 তারিখ থেকে স্টেট জুড়ে দুর্যোগজনিত জরুরি অবস্থা কার্যকর করার ঘোষণা করছি। এই নির্বাহী আদেশ 22 সেপ্টেম্বর, 2024 তারিখ পর্যন্ত কার্যকর থাকবে; এবং

**উপরন্তু**, নির্বাহী আইনের আর্টিক্যাল 2-B এর সেকশন 29 অনুযায়ী, আমি স্টেট পর্যায়ে জরুরি অবস্থা নিয়ন্ত্রণের সমন্বিত পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশ দিচ্ছি এবং স্টেট পর্যায়ের সংস্থাগুলোকে প্রয়োজন অনুযায়ী, স্টেটের সম্পত্তি সুরক্ষিত রাখতে এবং ক্ষতিগ্রস্ত স্থানীয় সরকার ও ব্যক্তিদের এই দুর্যোগে সাড়া দিতে ও এর থেকে পুনরুদ্ধারে সাহায্য করার জন্য, এবং জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষিত রাখতে প্রয়োজন অনুযায়ী এধরনের অন্যান্য সহায়তা প্রদান করতে যথাযথ পদক্ষেপ গ্রহণের অনুমোদন প্রদান করছি, যা 18 আগস্ট, 2024 তারিখ থেকে কার্যকর হবে।

**সেই সাথে**, এই ঘোষণাটি 49 ফেডারেল প্রবিধান কোড (Code of Federal Regulations. CFR). 390.23(b) এর আবশ্যিকতা পূরণ করে, যা 49 CFR এর 395.2 এবং 395.5 ধারা থেকে অব্যাহতি প্রদান করে। কর্মীদল যাতে অতি গুরুত্বপূর্ণ রাস্তাঘাট পরিষ্কার করতে পারে এবং নিউ ইয়র্ক স্টেটের ইউটিলিটি পাওয়ার পুনঃস্থাপন কর্মীদের যাতায়াত দ্রুত করতে পারে তা নিশ্চিত করার জন্য ফেডারেল মোটর ক্যারিয়ারদের সেবার সময়ের এই নিয়ম থেকে এমন অব্যাহতি প্রয়োজনীয় হবে;

**উপরন্তু**, যদি কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মান্য করলে দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা সামাল দেওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ প্রতিরোধ, বাধাগ্রস্ত, বা বিলম্ব হতে পারে, তবে নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর ধারা 29-a দ্বারা আমার উপর ন্যস্ত সেই আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করার কর্তৃত্ব দ্বারা, আমি এই মর্মে এই নির্বাহী আদেশের তারিখ থেকে 22 সেপ্টেম্বর, 2024 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্থগিত বা সংশোধন করছি:

সাধারণ মিউনিসিপ্যাল ধারা 5-A, স্ট্যান্ডার্ড নোটিশ এবং ক্রয় প্রক্রিয়া অনুসরণ না করে প্রয়োজনীয় পণ্য, পরিষেবা, নির্মাণ ও সরঞ্জাম ক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যাপ্তি পর্যন্ত;

স্টেট অর্থ আইনের (State Finance Law) 97-G ধারা, সেই পরিসর অবধি যা খাদ্য, জিনিসপত্র, পরিষেবাদি এবং সরঞ্জাম ক্রয় করার জন্য বা বিভিন্ন কেন্দ্রীভূত পরিষেবা প্রদান করার জন্য প্রয়োজন প্রভাবিত স্থানীয় সরকারগুলিকে, ব্যক্তিবর্গকে এবং অন্যান্য স্টেট-বহির্ভূত সত্ত্বাদের;

স্টেটের অর্থ আইনের (State Finance Law) সেকশন 112 সেই পরিসর অবধি সংশোধন করা যা

প্রয়োজন রাজ্যের সংবিধানের আর্টিকেল V, সেকশন I এর সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়ার জন্য, এবং রাজ্যের চুক্তিগুলিতে অতিরিক্ত কাজ, সাইট এবং সময় যোগ করার জন্য; এবং

স্টেটের অর্থ আইনের ধারা 163 এবং অর্থনৈতিক বিকাশ আইনের (Economic Development Law) অনুচ্ছেদ 4-C, স্ট্যান্ডার্ড নোটিশ এবং ক্রয় প্রক্রিয়া অনুসরণ না করে প্রয়োজনীয় পণ্য, পরিষেবা, প্রযুক্তি এবং উপকরণ ক্রয়ের অনুমতি দেয়;

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবানি শহরে স্টেটের নিজস্ব সিলমোহর সহ দুই হাজার চব্বিশ সালের 23 আগস্ট তারিখে এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব